



ইশরাকের মেয়র পদে শপথের দাবিতে আবারো নগর ভবনের সামনে বিক্ষোভ



ইশরাক হোসেন ও তার সমর্থকরা- ছবি সংগৃহীত

ইশরাক হোসেন এবং তার সমর্থকরা ঢাকাবাসী ব্যানারের নাম দিয়ে ঈদ পরবর্তী তাদের বিক্ষোভ আবার শুরুর করে অবরুদ্ধ করে রেখেছে নগর ভবন , সমর্থকরা ইশরাক হোসেন কে দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র হিসাবে শপথ গ্রহণের দাবি করেছেন।

ঈদের ছুটির পর আবারও ইশরাক হোসেন কে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র পদে শপথ পড়ানোর দাবিতে তাদের আন্দোলন চলমান রেখেছে। আজ রোববার (১৫জুন) নগর ভবনের কর্মকর্তা ও কর্মচারীরাসহ এবং "আমরা ঢাকাবাসী" ব্যানারে ইশরাক হোসেনের সমর্থকরা নগর ভবনকে তালাবদ্ধ করে তাদের বিক্ষোভ শুরু করেছেন।এতে সকাল ১১টার সময় ইশরাক হোসেন ও সমর্থকদের সাথে যোগ দিয়েছেন।

গত ২০২০ সালের অনুষ্ঠিত ঢাকা সিটি কর্পোরেশনের নির্বাচনে অনিয়ম অভিযোগ ও ফলাফল বাতিল চেয়ে ইশরাক হোসেন মামলা করেন।আওয়ামী লীগ সরকার পতনের পর ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থান পরবর্তী নতুন প্রশাসক হিসেবে অতিরিক্ত সচিব কে দায়িত্ব দেওয়া হয় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের।

চলতি বছরের ২৭ শে মার্চ ইশরাক হোসেনের মামলার রায় দেন।ঢাকার যুগ্ম জেলা জজ ও নির্বাচনী ট্রাইব্যুনাল। আদালতের রায়ে তাপসকে বিজয়ী ঘোষণার ফল বাতিল করে দিয়ে, ইশরাক হোসেন কে ঢাকা দক্ষিণ সিটির মেয়র ঘোষণা করা হয়।আদালতের রায়ের পর ২৭ এপ্রিল নির্বাচন কমিশন গেজেট প্রকাশ করে। গেজেট প্রকাশ হওয়ার পর বিভিন্ন আইনি জটিলতার কারণ দেখিয়ে স্থানীয় সরকার বিভাগ শপথ পড়ানো থেকে বিরত থাকে। গত ১৫ মার্চ থেকে ইশরাক হোসেনের সমর্থকরা অবরুদ্ধ করে রেখেছে নগর ভবন। এতে থমকে গেছে নগর বাসীর সেবা কার্যক্রম।